

💵 মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ৮০ [আন্তর্জাতিক নাম্বারঃ ৯১]

- ৩. কিতাবুল ইলম (كتاب العلم)
- পরিচ্ছেদঃ নসীহত করার সময় অপছন্দনীয় বিষয়ের প্রতি রাগান্বিত হওয়া

باب الْفَضَبِ فِي الْمَوْعِظَةِ وَالتَّعْلِيمِ إِذَا رَأًى مَا يَكْرَهُ

আরবী

□ عَنْ زَيْدِ بْنِ خَالِدِ الْجُهَنِيِّ: أَنَّ النَّبِيُّ سَأَلَهُ رَجُلٌ عَنِ اللُّقَطَةِ، فَقَالَ اعْرِفْ وِكَاءَهَا أَوْ قَالَ وِعَاءَهَا وَعِفَاصَهَا، ثُمَّ عَرِّفْهَا سَنَةً، ثُمَّ اسْتَمْتِعْ بِهَا، فَإِنْ جَاءَ رَبُّهَا فَأَدِّهَا إِلَيْهِ. قَالَ: قَالَ: وَعَاءَهَا وَعِفَاصَهَا، ثُمَّ عَرِّفْهَا سَنَةً، ثُمَّ اسْتَمْتِعْ بِهَا، فَإِنْ جَاءَ رَبُّهَا فَأَدِّهَا إِلَيْهِ. قَالَ: فَضَالَّةُ الإِبلِ؟ فَغَضِبَ حَتَّى احْمَرَّتْ وَجْنَتَاهُ، أَوْ قَالَ: احْمَرَّ وَجْهُهُ، فَقَالَ وَمَا لَكَ وَلَهَا مَعَهَا سِقَاقُهَا وَجِذَاقُهَا، تَرِدُ الْمَاءَ وَتَرْعَى الشَّجَرَ، فَذَرْهَا حَتَّى يَلْقَاهَا رَبُّهَا. قَالَ: فَضَالَّةُ الْغَنَمِ؟ قَالَ لَكَ أَوْ لِلذِّبْبِ. (بخارى: □ □

বাংলা

৮০) যায়েদ বিন খালেদ আল-জুহানী (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ জনৈক ব্যক্তি নবী সাল্লাল্লান্থ আলাইহি ওয়া সাল্লামকে হারানো বস্তু সম্পর্কে জিজ্ঞেস করল। নবী সাল্লাল্লান্থ আলাইহি ওয়া সাল্লাম বললেনঃ তুমি থলির মুখ বাঁধার রশি অথবা তিনি বললেনঃ থলি ও পাত্র ভালভাবে চিনে রাখো। তারপর এক বছর পর্যন্ত ঘোষণা করো। এক বছর ঘোষণা করার পর যদি মালিককে খুঁজে না পাওয়া যায় তাহলে তুমি উহা ব্যবহার করো। পরে যদি মালিক এসে যায় তাহলে তার সম্পদ ফেরত দাও। লোকটি বললঃ হারানো উট সম্পর্কে আপনি কী বলেন? এই কথা শুনে নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়া সাল্লাম রাগান্বিত হয়ে গেলেন। এমনকি তাঁর চেহারা মোবারক লাল হয়ে গেল। উটের ব্যাপারে জিজ্ঞেস করে তোমার লাভ কি? তার সাথে রয়েছে পানির মশক এবং তার পায়ে রয়েছে জুতা। (অর্থাৎ উট কয়েক দিনের পানি পেটের ভিতরে মতান্তরে কুঁজের মধ্যে সংরক্ষণ করে রাখতে পারে এবং এর পা খুব শক্ত। তাই দীর্ঘক্ষণ পথ চলতে তার কোন অসুবিধা হবেনা। তাই (প্রয়োজনে) সে নিজেই পানির ঘাটে গিয়ে পানি করবে এবং গাছের পাতা ভক্ষণ করবে। কাজেই উটকে তার অবস্থায় ছেড়ে দাও। তার মালিক তাকে খুঁজে নিবে। লোকটি এবার প্রশ্ন করলঃ হারানো ছাগলের কি হবে? নবী সাল্লাল্লাছ্ আলাইহি ওয়া সাল্লাম বললেনঃ এটি তোমার জন্য অথবা তোমার ভাইয়ের জন্য অথবা চিতা বাঘের জন্য।

English

To be furious while preaching or teaching if one sees what one hates



Narrated Zaid bin Khalid Al-Juhani:

A man asked the Prophet () about the picking up of a "Luqata" (fallen lost thing). The Prophet () replied, "Recognize and remember its tying material and its container, and make public announcement (about it) for one year, then utilize it but give it to its owner if he comes." Then the person asked about the lost camel. On that, the Prophet () got angry and his cheeks or his Face became red and he said, "You have no concern with it as it has its water container, and its feet and it will reach water, and eat (the leaves) of trees till its owner finds it." The man then asked about the lost sheep. The Prophet () replied, "It is either for you, for your brother (another person) or for the wolf."

ফুটনোট

ইসলামিক ফাউন্ডেশনঃ ৯১ ইসলামিক সেন্টারঃ ৯১

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী 🛘 বর্ণনাকারীঃ যায়েদ ইবনু খালিদ আল-জুহানী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন